



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
সিআরভিএস অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)



বিষয়ঃ সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ সামসুল আরেফিন, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।

সময় : ১১ এপ্রিল ২০২২ বিকাল: ০২:০০ ঘটিকা।

স্থান : মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-১০০৫, সরকারি পরিবহন পুল ভবন)।

সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দৃষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সিআরভিএস বাস্তবায়নকারী সিস্টেমের মধ্যে ইন্টারঅপারেবিলিটি এবং ইন্টিগ্রেশন স্থাপনে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ আরো আন্তরিকতার সঙ্গে কাজ করবেন মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) কে সভাপতি অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (সমন্বয়) গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ আলোচ্যসূচি অনুসারে উপস্থাপনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব, সিভিল রেজিস্ট্রেশন অধিশাখাকে অনুরোধ করেন।

০২। উপসচিব (সিভিল রেজিস্ট্রেশন) তার উপস্থাপনায় উল্লেখ করেন যে, গত ১২ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে সদস্যগণ বরাবর প্রেরণ করা হয়েছে। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন এবং পরিমার্জন থাকলে তা জানানোর জন্য উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানান। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করে।

সিদ্ধান্ত: ২.১। সিআরভিএস বাস্তবায়ন কমিটির ১২ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। আলোচ্যসূচি-০২: সিআরভিএস সংক্রান্ত বাস্তবায়ন কমিটির গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন
০১।	সিদ্ধান্ত ৪:১ সিআরভিএস সংক্রান্ত স্ট্রিয়ারিং কমিটির সভায় উপস্থাপনের নিমিত্ত ইউনিক আইডি ব্যবহার এবং এনআইডি এর সাথে জন্ম নিবন্ধনের ইন্টারঅপারেবিলিটি স্থাপন এবং Synchronization সংক্রান্ত প্রস্তাব আগামী ০৭ দিনের মধ্যে চূড়ান্ত করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	৪:১: সিআরভিএস সংক্রান্ত স্ট্রিয়ারিং কমিটির সভায় উপস্থাপনের নিমিত্ত ইউনিক আইডি ব্যবহার এবং এনআইডি এর সাথে জন্ম নিবন্ধনের ইন্টারঅপারেবিলিটি স্থাপন করা হয়েছে। ০২ জানুয়ারি, ২০২০ তারিখে স্বাক্ষরিত MoU এর আলোকে যথাযথ তথ্য (ব্যক্তির জন্ম নিবন্ধন, জন্ম নিবন্ধনে পিতা-মাতার এনআইডি ও জন্ম সনদ নম্বর) উল্লেখ থাকলে ইউআইডি প্রদান করা হচ্ছে।



**সিদ্ধান্ত ৫.১:** রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রাথমিক এবং মাধ্যমিক স্তরের শিক্ষার্থীর প্রোফাইল প্রণয়নের নিমিত্ত সকল শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বরের অনুকূলে ইউনিক আইডি প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট সকল দপ্তর সংস্থার টেকনিক্যাল লোকবলের সমন্বয়ে সভা করে সমাধান করবেন এবং আগামী সাত দিনের মধ্যে ইউনিক আইডি প্রদান সংক্রান্ত একটি ডেমোনস্ট্রেশনের আয়োজন করবে।

**সিদ্ধান্ত ৫.২:** BDRIS সিস্টেমটি সঠিকভাবে চালু রাখার নিমিত্ত সফটওয়্যার ডেভলপারের সাথে একটি ডেভলপমেন্ট চুক্তি এবং একটি দীর্ঘমেয়াদী মেনটেইন্যান্স চুক্তির বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত ৫.৩:** বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হতে BDRIS সিস্টেমটি অতি দ্রুত টেস্টিং সম্পন্ন করানোর বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত ৫.৪:** জন্ম ও মৃত্যু নিবন্ধনে যে সকল জেলা পিছিয়ে আছে সে সব জেলার সংশ্লিষ্টদের নিয়ে জেলাভিত্তিক সভা আয়োজনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত ৫.৫:** জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত ষাঠ পর্যায়ের কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা এবং সমন্বয়ের মাধ্যমে সিআরভিএস সংক্রান্ত কর্মকাণ্ডে অংশগ্রহণের নিমিত্ত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/অধিদপ্তরকে সদস্য হিসাবে অত্র সভায় কো-অপ্ট করার বিষয়টি অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**৫.১:** রেজিস্ট্রার জেনারেল কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রাথমিক এবং মাধ্যমিক স্তরের শিক্ষার্থী প্রোফাইল প্রণয়নের নিমিত্ত সকল শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বরের অনুকূলে ইউনিক আইডি প্রদানের নিমিত্ত একাধিক সভা আয়োজন করে। সর্বশেষ সভায় ইউআইডি প্রদানের জন্য ৪টি ভিন্ন পদ্ধতির বিষয়ে বিশেষজ্ঞগণ প্রস্তাব করেছেন। উল্লেখ্য যে, ইউআইডি প্রদানের শর্ত হচ্ছে শিশুর জন্ম সনদ এবং পিতা/মাতার এনআইডি।

**৫.২:** BDRIS সফটওয়্যার চালু রাখার জন্য প্রয়োজনীয় কারিগরি লোকবল রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ে নেই। মাত্র ১ জন প্রোগ্রামার দিয়ে এ বিশাল ডাটাবেজ ব্যবস্থাপনা দুরূহ। REVE System এর সাথে চুক্তিকাল ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে। প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে দীর্ঘ মেয়াদী মেনটেইন্যান্স চুক্তি করা হবে।

**৫.৩:** বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক BDRIS সিস্টেমটি টেস্টিং সম্পন্ন করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক টেস্টিং কার্যক্রম চলমান আছে। টেস্টিং কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলকে গত ০১ মার্চ ২০২২ তারিখে তাগিদ পত্র দেওয়া হয়।

**৫.৪:** সিদ্ধান্ত মোতাবেক জেলা ভিত্তিক সভা আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে।

**৫.৫:** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/অধিদপ্তরকে সদস্য হিসাবে সিআরভিএস বাস্তবায়ন কমিটিতে কো-অপ্ট করা হয়েছে।



সিদ্ধান্ত: ৩.১। BDRIS System টি টেস্টিং সম্পন্ন করণের নিমিত্ত BCC কর্তৃক যে সকল Bug Fix করে একাধিক ইমেইল প্রেরণ করা হয়েছে সেগুলো দ্রুত সমাধান করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৪। আলোচ্যসূচি-০৩: ইউনিক আইডি সংক্রান্ত আলোচনা:

আলোচনায় অংশগ্রহণ করে ব্যানবেইসের প্রতিনিধি সভাকে জানায় যে গত মার্চ ২০২২ পর্যন্ত ৩৮ লাখ শিক্ষার্থীর প্রোফাইলে তথ্য এন্ট্রি প্রদান করা হয়েছে যার মধ্যে ৮৩% শিক্ষার্থীর বাবা-মায়ের NID আছে কিন্তু BRN নেই এবং ১০% শিক্ষার্থীর বাবা-মায়ের BRN এবং NID দুইটাই আছে। NID-এর উপর ভিত্তি করে UID জেনারেট করা হলে শতভাগ শিক্ষার্থীকে UID প্রদান করা সম্ভব হবে অন্যথায় ১০% শিক্ষার্থী UID পাবে বলে সভাকে জানায়। এই বিষয়ে সভায় একটা চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার উপর ব্যানবেইস গুরুত্বারোপ করে।

সভায় প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়নের প্রকল্প পরিচালক সভায় আরো জানান যে, প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইলে যে তথ্য এন্ট্রি প্রদান করা হয়েছে তার মধ্যে ৮৮% শিক্ষার্থীর BRN আছে যেখানে পিতার NID আছে ৭৮.১% আর মাতার NID আছে ৮৯%। অন্যদিকে শিক্ষার্থীর পিতার BRN আছে ১.৯% আর মাতার BRN আছে মাত্র ১.৪৩%। পূর্বে তাদের কাছে নির্দেশনা ছিল বাবা-মা অথবা গার্ডিয়ান তিনজনের যেকোনো একজনের NID যদি পাওয়া যায় তাহলে ঐ student-কে UID প্রদান করা হবে। কিন্তু বর্তমানে তা বাস্তবায়ন হচ্ছে না।

রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের ডাটাবেইজ এক্সপার্ট জানান যে, এ পর্যন্ত NID থেকে BDRIS এর মাধ্যমে প্রায় ৯০ হাজার UID পাওয়া গিয়েছে যার মধ্যে বেশীরভাগ সদ্য ভূমিষ্ট শিশুর জন্ম নিবন্ধনের ক্ষেত্রে। এ বিষয়ে সভাপতি জানতে চান যে ORG যদি ৯০ হাজার UID পেয়ে থাকে তাহলে ব্যানবেইসকে কেন সেই UID দেয়া হচ্ছে না। তদুত্তরে ব্যানবেইস জানায় যে, ব্যানবেইসকে UID প্রদানের জন্য BDRIS এর একটি Application Programming Interface (API) দরকার যেটি ORG কর্তৃক এখনো প্রস্তুত করা হয়নি। উপসচিব (সিভিল রেজিস্ট্রেশন) জানান যে উক্ত API ব্যানবেইস, প্রাথমিক শিক্ষা এবং NID সিস্টেমের জুড়েও লাগবে। তাই ORG, ব্যানবেইস, প্রাথমিক শিক্ষা এবং NID একসাথে সমন্বয় করে তাদের প্রত্যেকের জন্য পৃথক পৃথক API ডেভলপ করতে হবে।

সভাপতি বলেন যে, শিক্ষার্থীদের UID প্রদানের ক্ষেত্রে বাবা ও মায়ের BRN রাখতামূলক করার কারণেই বেশী বামেলা হচ্ছে। তথ্য পর্যালোচনায় দেখা যাচ্ছে ৮৮% বা তারও বেশী শিক্ষার্থীর বাবা-মায়ের NID আছে। সেই তুলনায় খুবই অল্প সংখ্যক শিক্ষার্থীর বাবা মায়ের BRN আছে। তাই NID এর উপর ভিত্তি করে শিক্ষার্থীর UID প্রদান করা হলে সমস্যার সমাধান করা সম্ভব হবে।

রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন জানান যে, ইতোমধ্যে ৪টি API তৈরির পরিকল্পনা করা হয়েছিল এবং সেগুলোর মধ্যে ২য় API টি ছিল গুরুত্বপূর্ণ। ব্যানবেইস সভাকে জানায় যে, তার জন্য নির্দিষ্ট একটি API দরকার যার মাধ্যমে ORG থেকে UID জেনারেট হবে। ORG থেকে যে API টি ব্যানবেইসের সাথে শেয়ার করা হয়েছে সেখানে শুধুমাত্র Student এর Birth Registration এবং DOB টা verify হচ্ছে। কিন্তু UID করার জন্য যে NID তে request যাবে সেই API টা দেয়া হয়নি।

রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের ডাটাবেইজ এক্সপার্ট জানান যে, BDRIS এ UID জেনারেশনের জন্য condition হলো শিশুর BRN এর সাথে মা-বাবার BRN সমন্বয় করা। শিক্ষার্থীর সাথে তার বাবা মায়ের BRN থাকলে সহজেই সেটা mapping করে UID দেয়া যাবে। তিনি আরো জানান যে, ব্যানবেইসের তথ্যের উপর ভিত্তি করে জানুয়ারি মাসে যে হিসাব করা হয়েছিল সেখানে সম্ভবত ২০-২৫% UID অটোমেটিক্যালী জেনারেট হয়। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ে নতুন একজন ডেভেলোপার জয়েন করলে, আগামি ১৫ দিনের মধ্যে অটোমেটিক্যালী জেনারেট হওয়া UID ব্যানবেইসকে দেয়ার জন্য যে API লাগবে তা তৈরি করা সম্ভব হবে। প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর প্রতিনিধিও উক্ত বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।



উপসচিব (সিভিল রেজিস্ট্রেশন) জানান যে, জন্ম-মৃত্যু নিবন্ধনে গতিশীলতা আনয়নের জন্য এর পরিবীক্ষণ ব্যবস্থা শক্তিশালী হওয়া বাঞ্ছনীয়। অনলাইন নিবন্ধন চালু হওয়ার পর নিবন্ধন কার্যক্রমের তাৎক্ষণিক (Real Time) পরিবীক্ষণ করা খুব সহজেই সম্ভব। গত অর্থবছর থেকে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (এপিএ) জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে অন্তর্ভুক্ত করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (এপিএ) একই রকম সূচকের মাধ্যমে জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত Annual Performance Appraisal (APA) ও UNESCAP এর লক্ষ্যসমূহের অর্জন পরিবীক্ষণের জন্য BDRIS থেকে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত (Real Time) পাক্ষিক, মাসিক এবং বার্ষিক Anonymous Disaggregated তথ্য একত্র প্রয়োজন। জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত জনগণের ব্যক্তিগত তথ্য সংরক্ষিত তথ্য হিসাবে গণ্য হতে পারে কিন্তু জাতীয় এবং আন্তর্জাতিক লক্ষ্যসমূহের পরিবীক্ষণের জন্য জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত Anonymous Disaggregated তথ্য সংরক্ষিত তথ্য নয় মর্মে সভার সদস্যগণ একমত পৌষণ করেন।

আইন ও বিচার বিভাগের প্রতিনিধি সভাকে জানান যে, তাদের Allocation of Business অনুযায়ী বিবাহ-তালাক নিবন্ধনের কাজ তাদেরই করার কথা। সে অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগের সহিত সমঝয় করে বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত প্রকল্পের প্রকল্প দলিল তৈরি করা হয়েছে। এটি স্থগিত বা বাতিল করার কোন সুযোগ নাই। সেজন্য বিষয়টি বিবেচনাপূর্বক বর্ণিত প্রকল্পটি অনুমোদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইন ও বিচার বিভাগ কর্তৃক পত্র দিয়ে পরিকল্পনা কমিশনকে অবহিত করা হয়েছে। তিন বছর অতিক্রান্ত হলেও অদ্যাবধি প্রকল্পটি অনুমোদন হয়নি বিধায় উক্ত বিষয়ে সভায় মন্ত্রিপরিষদ বিভাগের সহযোগিতা কামনা করা হয়।

০৫। বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: ৪.১। প্রাথমিক এবং মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীর প্রোফাইল প্রণয়নে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক UID প্রদানের জন্য শিক্ষার্থীর অনলাইন BRN এর পাশাপাশি শিক্ষার্থীর বাবা-মায়ের NID, BRN অথবা কোনটি আবশ্যিক হবে সেটি সিআরভিএস সংক্রান্ত স্টেকহোল্ডার কনসালটেশন সভায় চূড়ান্ত করার বিষয়ে সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।


সিদ্ধান্ত: ৪.২। প্রাথমিক এবং মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীর প্রোফাইল প্রণয়নে UID প্রদানের জন্য BDRIS সংশ্লিষ্ট Application Programming Interface (API) রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক আগামী ১৫ দিনের মধ্যে তৈরি সম্পন্ন করবে।

সিদ্ধান্ত: ৪.৩। সিআরভিএস সংক্রান্ত সিস্টেমসমূহের মধ্যে ইন্টারঅপারেবিলিটি স্থাপনে জন্য BDRIS সংশ্লিষ্ট API এর পাশাপাশি ব্যানবেইস, প্রাথমিক শিক্ষা এবং NID কর্তৃপক্ষ কর্তৃক পৃথক পৃথক API ডেভলপ/আপডেট করার বিষয়ে নিজ নিজ দপ্তর সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

সিদ্ধান্ত: ৪.৪। জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত Annual Performance Appraisal (APA) ও UNESCAP এর লক্ষ্যসমূহের অর্জন পরিবীক্ষণের জন্য BDRIS থেকে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত (Real Time) পাক্ষিক, মাসিক এবং বার্ষিক Anonymous Disaggregated তথ্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় নিয়মিত ভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।

সিদ্ধান্ত: ৪.৫। বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত প্রকল্পটি অনুমোদনের বিষয়ে আইন ও বিচার বিভাগ কর্তৃক পরিকল্পনা কমিশনের সাথে প্রয়োজনীয় যোগাযোগ করবে।

০৬। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

  
০২/৭/২২  
মোঃ সামসুল আরেফিন